



স্মারক নং- ৩৩.০১.৭০৩৭.০০০.১৬.০০১.২৫-৪৪৮

তারিখ- ১৪/০৮/২০২৫ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তরধীন “পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুররোগ নিয়ন্ত্রণ প্রকল্প” এর অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী গোমস্তাপুর উপজেলার বোয়ালিয়া ইউনিয়নে ছাগল/ভেড়াকে পিপিআর ভ্যাকসিন প্রদান এবং গবাদিপশুর ক্ষুররোগের ভ্যাকসিন প্রদানের নিমিত্ত ০১(এক) জন ভলান্টিয়ার ভ্যাকসিনেটর যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচন করা হবে। নিম্নোক্ত শর্তাবলীর ভিত্তিতে যোগ্য প্রার্থীর নিকট হতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। অগ্রহী প্রার্থীকে আগামী ৩১/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ বরাবর দরখাস্তসহ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি জমাদানের জন্য অনুরোধ করা হলো।

### ভলান্টিয়ার ভ্যাকসিনেটর হিসাবে আবেদনের শর্তাবলী :

- সংশ্লিষ্ট উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি. পাশ হতে হবে।
- চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে না।
- প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ৩ মাস ব্যাপি প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

*Waim*  
14.08.2025

(ডাঃ মোঃ ওয়াসিম আকরাম)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।  
মোবাইল: ০১৩২৪-২৮৯৩৭০  
[ulogomastapur40@gmail.com](mailto:ulogomastapur40@gmail.com)

### বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :

১. উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
২. উপজেলা কৃষি অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
৩. উপজেলা মৎস্য অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
৪. চেয়ারম্যান, বোয়ালিয়া ইউনিয়ন, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

### অনুলিপি

১. নোটিশ বোর্ড।
২. অফিস নথি।